# বিআরটিসি সমাচার

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

## Bangladesh Road Transport Corporation

৬ষ্ঠ সংখ্যা

এপ্রিল-জুন ২০২২ (ত্রৈমাসিক)

প্রকাশ কাল : জুলাই ২০২২




স্বপ্নের পদ্মা সেতুতে বিআরটিসি বাস

## সূচিপত্র:

১. চেয়ারম্যান মহোদয়কে শুদ্ধাচার পুরস্কার প্রদান।
২. বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২-এ বিআরটিসি।
৩. শুদ্ধাচার, বিশেষ মেধা ও অন্যান্য পুরস্কার।
৪. ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির চেয়ারম্যান মহোদয়ের সাক্ষাত।
৫. পদ্মা সেতু দিয়ে দক্ষিনাঞ্চলের বিভিন্ন জেলায় বিআরটিসি কর্তৃক পরিচালিত রুটের তথ্য।
৬. পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে গৃহীত কার্যক্রমক।
৭. সকল ডিপোতে র্যাম্প নির্মাণ কার্যক্রম।
৮. আলোক চিত্রে বিআরটিসি
৯. বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য
১০. আয়-ব্যয় সংক্রান্ত তথ্য
১১. সিপিএফ ও গ্র্যাচুইটি অর্থ প্রদান সংক্রান্ত তথ্য

**প্রকাশনায়:**
১. **জনাব মোহম্মাদ সাইদুর রহমান**
জেনারেল ম্যানেজার (প্রশাসন)
২. **জনাব মাহমুদ আহমাদ মারুফ**
ট্রাফিক ইন্সপেক্টর, বিআরটিসি

**যোগাযোগ:**
ফোন নম্বর : ০২-৪১০৫১ ৩৩৭
০২-৪১০৫১ ৩৪৮
মোবাইল : ০১৩২৪ ২৯৩৯ ১৬
০১৩২৪ ২৯৩৯ ০৮

**ই-মেইল:**
chairman@brtc.gov.bd

**ওয়েবসাইট:**
www.brtc.gov.bd

**বিআরটিসি ফেইসবুক:**
https://www.facebook.com/BRTC11/

**বিআরটিসি ভবন**
**২১ রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০**



“পরিবহনে শৃংখলা আনয়নে বিআরটিসিকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।”

**ওবায়দুল কাদের, এমপি**
**মাননীয় মন্ত্রী**
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়



“ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিআরটিসির যাত্রী সেবার মান আরো উন্নত ও সহজ করতে হবে।”

**এ বি এম আমিন উল্লাহ নুরী**
**সচিব**
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



“সেবার মান বৃদ্ধি করে বিআরটিসিকে একটি মডেল পরিবহন সংস্থায় পরিণত করা।”

**মোঃ তাজুল ইসলাম**
**চেয়ারম্যান**
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

## বিআরটিসির চেয়ারম্যান মহোদয়কে শুদ্ধাচার পুরস্কার প্রদান

সংশোধিত শুদ্ধাচার নীতিমালা ২০২১ এর ৩, ২ ও ৪ অনুযায়ী সড়ক পরিবহন ও মহাসড় বিভাগের আওতাধীন বিআরটিসি'র সাম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম মহোদয়কে ২০২১-২২ অর্থ বছরের পুরস্কার প্রদান করেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম। এ পুরস্কার বিআরটিসি'র সকল কর্মকর্তা-কর্মচারীদের জন্য অত্যন্ত গৌরবের বিষয়।



## বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২-এ বিআরটিসি

বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ প্রদানে লক্ষ্যে আবেদন সরেজমিনে পরিদর্শন এবং প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য ২৩/০৫/২০২২ তারিখে প্রতিনিধি প্রেরণ করা হয়। জনাব দেলোয়ারা বেগম অতিরিক্ত সচিব (শৃংখলা-১ অধিশাখা) ও জনাব মো: আমিনুর রহমান, সিনিয়র সহকারী সচিব (শৃংখলা-২) জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২ জন প্রতিনিধি প্রেরণ করা হয়। বিআরটিসি সম্মেলন কক্ষে বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মো: তাজুল ইসলামসহ পরিচালক ও জিএম বৃন্দের উপস্থিতিতে জনসেবায় উদ্ভাবন-এ বিআরটিসি সেবা সহজিকরন সংক্রান্ত বিষয়ে প্রেজেন্টেশন ও প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন করা হয়। এ প্রেজেন্টেশন উপস্থাপন ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশ্নের উত্তর প্রদানের পর বিআরটিসিকে চূড়ান্তভাবে মনোনয়ন দেয়া হয় এবং বিআরটিসির আবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়।



## ২০২১-২২ অর্থ বছরে বিআরটিসি'র শুদ্ধাচার পুরস্কার গ্রহণকারী কর্মকর্তা- কর্মচারীদের নামের তালিকা

- **প্রধান কার্যালয়ের ২য় গ্রেড হতে ০৯ম গ্রেড পর্যন্ত:**
  - ক. মেজর মো: মোক্তারুজ্জামান
    জেনারেল ম্যানেজার (আইসিডব্লিউএস)।
  - খ. মোহাম্মদ সাইদুর রহমান
    সচিব, বিআরটিসি।
- **আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়ের প্রধানদের মধ্য হতে:**
  - ক. জনাব মো: মফিজ উদ্দিন
    ম্যানেজার ( অপারেশন), চট্টগ্রাম ট্রাক ডিপো।
- **প্রধান কার্যালয়ের ১০ম গ্রেড হতে ১৬তম গ্রেড পর্যন্ত:**
  - ক. জনাব শামসুন নাহার
    উচ্চমান সহকারী, প্রশাসন বিভাগ।

## বিশেষ মেধা এবং উন্নয়নমূলক কর্ম সম্পাদনের নিমিত্ত পুরস্কার প্রাপ্তদের নামের তালিকা

জনাব গোলাম ফারুক, ডিজিএম (চলতি দায়িত্ব)
জনাব মো: শাহীনুল ইসলাম, পরিযান কর্মকর্তা
জনাব মো: মনিরুজ্জামান (বাবু), ডিজিএম (স্টোর এন্ড প্রভিশনিং)
জনাব মুহাম্মদ মসিউজ্জামান, ইন্সট্রাক্টর
জনাব সুবর্না রানী রায়, ম্যানেজার (প্ল্যানিং)
জনাব রতন চন্দ্র দে, কারিগর-সি (সাধারণ), মেরামত কারখানা গাজীপুর
জনাব মনিরুজ্জামান মিয়া, ম্যানেজার (টেকনিক্যাল)
জনাব ওমর ফারুক মেহেদী, ডেপুটি ট্রেনিং ম্যানেজার
জনাব মো: রমজান হোসেন, হিসাবরক্ষণ কর্মকর্তা
জনাব দেবাশীষ মজুমদার, প্রশাসনিক কর্মকর্তা
জনাব মো: শাহীন মিয়া-৫, চালক-সি ঢাকা ট্রাক ডিপো (সর্বোচ্চ রাজস্ব অর্জনকারী)
জনাব মো: নূর ইসলাম বাবলা, চালক, বগুড়া বাস ডিপো (সর্বোচ্চ রাজস্ব অর্জনকারী)
জনাব মোশারফ হোসেন, হিসাবরক্ষণ কর্মকর্তা
জনাব রিয়াজুল আলম, হিসাবরক্ষণ কর্মকর্তা
জনাব নাদিম ভূইয়া, সহকারী পরিযান কর্মকর্তা
জনাব তারিকুল ইসলাম রাসেল, হিসাব সহকারী গ্রেড-২

## অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়নের অর্থ অনলাইনে প্রদান




০৩/০৪/২০২২ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় বিআরটিসির সভাকক্ষে ৪৩৪জন অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীর গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়নের ৪,৭৮,৫৭,০০০/- টাকা Online Banking এর মাধ্যমে প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কর্ণেল মোঃ জাহিদ হোসেন, পরিচালক (কারিগরী), বিআরটিসি। এছাড়া ০৩/০৭/২০২২ তারিখে অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীর গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়ন বাবদ ৫.৫১ কোটি টাকা Online Banking এর মাধ্যমে প্রদান করা হয়।

## বিআরটিসি লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত হওয়ায় উচ্চমহল কর্তৃক প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির প্রশংসা

বিআরটিসি লাভজনক প্রতিষ্ঠান হিসেবে নতুন আঙ্গীকে যাত্রা শুরু করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিআরটিসির ব্যাপক প্রশংসা করেন। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীমহোদয়ের প্রত্যক্ষ দিক-নির্দেশনায় ও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব মহোদয়ের তত্ত্বাবধানে এবং সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব) মহোদয়ের অক্লান্ত পরিশ্রমের ফসল আজকেরই লাভজনক বিআরটিসি প্রতিষ্ঠান। এ বিষয়ে প্রিন্ট মিডিয়া ও ইলেক্ট্রনিক মিডিয়ায় সংবাদ প্রকাশিত হয়। চেয়ারম্যান মহোদয়সহ বিআরটিসির সকল কর্মকর্তা-কর্মচারীদেও অংশগ্রহণে আজ বিআরটিসি প্রশংসিত।


আমাদের সময়

পাতা ১২ ই-পেপার [২৮ এপ্রিল ২০২২]

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল গণভবন থেকে ভার্চুয়ালি বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমাণ রেল জাদুঘর উদ্বোধন করেন

প্রধানমন্ত্রী বললেন

অর্থনীতিকে গতিশীল করতে যোগাযোগব্যবস্থা সহজ করছি

নিজস্ব প্রতিবেদক ■ যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ড আরও গতিশীল করতে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, আমরা জনগণের সর্বত্র চলাচলের জন্য যোগাযোগ ব্যবস্থাকে সহজ করার মাধ্যমে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডকে আরও ত্বরান্বিত করার পদক্ষেপ নিচ্ছি।

মুজিববর্ষ উপলক্ষে একটি ব্রডগেজ ও একটি মিটারগেজ কোচে নির্মিত 'বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমাণ রেল জাদুঘর' এবং উন্নয়ন প্রকল্পের আওতায় সংগৃহীত ৩০টি মিটারগেজ ও ১৬টি ব্রডগেজ লোকোমোটিভের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। গতকাল বুধবার সকালে রাজধানীর কমলাপুরে বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ মন্ত্রণালয় আয়োজিত এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হন।

প্রধানমন্ত্রী ■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৪


অর্থনীতিকে গতিশীল করতে যোগাযোগ

(শেষ পৃষ্ঠার পর) বলেন, বিএনপি ক্ষমতায় থাকতে রেল ও বিআরটিসি বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছিল। যেখানে পরামর্শদাতা ছিল বিশ্বব্যাংক। গোল্ডেন হ্যান্ডশেকের মাধ্যমে রেলের ১০ হাজার কর্মচারীকে চাকরিচ্যুত করা হয়। অনেক রেললাইন বন্ধ করে দেওয়া হয় এবং রেল দুর্বল হয়ে পড়ে। '৯৬ সালে আওয়ামী লীগ সরকারে আসার পর নতুনভাবে এই রেলকে গড়ে তুলে স্বল্প ব্যয়ের এই বৃহৎ গণযোগাযোগ ব্যবস্থাকে সচল করার বিভিন্ন উদ্যোগ নেয়। দ্বিতীয়বার সরকারে এসেই রেলের জন্য পৃথক বাজেট বরাদ্দের মাধ্যমে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি হাতে নিতে সরকার পৃথক মন্ত্রণালয় স্থাপন করে।

শেখ হাসিনা বলেন, বিআরটিসিকে অলাভজনক আখ্যা দিয়ে বিএনপি সরকার একবার বন্ধ করে দেওয়ার পদক্ষেপ নিয়েছিল। কিন্তু সরকারি প্রতিষ্ঠান কতটা লাভ করল আর কতটা লাভ করল না, এর চেয়ে বড় কথা মানুষের সেবা কতটা দিতে পারল। মানুষ কতটা সেবা পেল। তাদের জীবনমান কতটা সহজ হলো, সেটাই সবচেয়ে বড় কথা। তিনি আরও বলেন, সরকারের সবকিছুই যে লাভজনক হবে তা কিন্তু না। তবে লাভজনক করা যায়। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন ও রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি এবিএম ফজলে করিম চৌধুরী, রেল মন্ত্রণালয়ের সচিব হুমায়ুন কবীর। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব তোফাজ্জেল হোসেন মিয়া, যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাসসহ বিভিন্ন দূতাবাস-মিশন এবং উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

## ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সাক্ষাত




বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম পদ্মা সেতু দিয়ে দক্ষিণ অঞ্চলের বিভিন্ন জেলার ২৩টি রুটে বিআরটিসির বাস পরিচালনা করার বিষয় নিয়ে **সময় টিভি**তে স্বাক্ষাতকার প্রদান করেন।

## ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের অংশগ্রহণ

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম 'স্বপ্নের পদ্মা সেতু' দিয়ে দক্ষিণ অঞ্চলের বিভিন্ন জেলার ২৩টি রুটে বিআরটিসির বাস পরিচালনা ও সামগ্রিক বিষয় নিয়ে দেশ টিভি'র **"অনন্য উচ্চতায় বাংলাদেশ নামক অনুষ্ঠানে"** অংশগ্রহন করেন।







## ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের টকশোতে অংশগ্রহণ

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম ঢাকা নগর পরিবহনে বিআরটিসির বাস পরিচালনার সামগ্রিক বিষয় নিয়ে **৭১ টিভি**র টকশোতে অংশগ্রহণ করেন।






সমৃদ্ধ বাংলাদেশের প্রতিচ্ছবি
আনন্দবাজার
The Daily Anandabazar

## পুনরায় ঘুরলো আন্তঃদেশীয় বাসের চাকা

অশোক দত্ত, ঢাকা
জুন ১০, ২০২২



দুই বছরের বেশি সময় ধরে বন্ধ থাকার পর পুনরায় চালু হলো আন্ত:দেশীয় বাস চলাচল। শুক্রবার ( ১০ জুন) সকাল ৭.৩০মিনিটে ঢাকার কমলাপুর বিআরটিসি বাস ডিপো থেকে কোলকাতার উদ্দেশ্যে যাত্রী নিয়ে রওয়ানা করে শ্যামলী এন,আর, বিআরটিসি পরিবহনের একটি বাস। শুক্রবার (১০জুন) সকালে কমলাপুর বিআরটিসি বাস ডিপো থেকে যাত্রা শুরু করা শামলী এন আর, বিআরটিসি পরিবহনের উদ্বোধন করেন বিআরটিসি চেয়ারম্যান জনাব তাজুল ইসলাম।

Monday, June 13, 2022
NEWAGE

## Bangladesh-India bus services resume

Staff Correspondent | Updated at 01:22am on June 11, 2022



**Bangladesh Road Transport Corporation chair Md. Tajul Islam inaugurates the resumption of cross-border bus services between Bangladesh and India on Friday at Kamalapur Bus Depot in Dhaka. — Focus Bangla photo**

The cross-border bus services between Bangladesh and India resumed on Friday, over two years after the suspension of the services due to the Covid pandemic. Under the management of Bangladesh Road Transport Corporation, the Shyamoli NR Travels started the services on Dhaka-Kolkata route from BRTC's Motijheel International bus depot in Dhaka in the morning.

ঢাকা টাইমস
www.dhakatimes24.com

## সড়ক পরিবহন বিভাগের সচিবকে বিআরটিসির অবসর-উত্তর ছুটি সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা টাইমস । প্রকাশিত : ২৮ মে ২০২২, ২০:১১



আজ বিআরটিসি প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মো. নজরুল ইসলাম মহোদয়ের অবসর-উত্তর ছুটি উপলক্ষ্যে বিআরটিসি কর্তৃক সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সম্মানিত সচিব মহোদয়ের কর্মজীবনের স্মৃতি চারণে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান ও সম্বর্ধনা অনুষ্ঠানের সভাপতি মো. তাজুল ইসলাম, বিআরটিসির পরিচালকরা, জিএমবৃন্দসহ উর্ধ্বতন কর্মকর্তারা বক্তব্য প্রদান করেন।

দৈনিক ডেল্টা টাইমস্
www.deltatimes24.com
সবার সাথে সব সময়
সোমবার
• ২০ জুন ২০২২
• ৬ আষাঢ় ১৪২৯
• ২০ জিলকদ ১৪৪৩

## বিআরটিসিতে গণশুনানি অনুষ্ঠিত




বিআরটিসিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় গতকাল রোববার গণশুনানি অনুষ্ঠিত। রাজধানীর মতিঝিল বিআরটিসি আন্তর্জাতিক বাস ডিপোতে অনুষ্ঠিত গণশুনানিতে প্রধান অতিথি ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিআরটিসির চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব মোঃ তাজুল ইসলাম।

## ইলেক্ট্রনিক মিডিয়ায় বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সাক্ষাত





বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম বিআরটিসির বাস বহর পরিচালনা করে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার মূলমন্ত্র কি? এ ধারা অব্যাহত রাখতে করণীয় ও সড়ক পরিবহন ব্যবস্থার সামগ্রিক বিষয় নিয়ে **সময় টিভি**তে স্বাক্ষাতকার প্রদান করেন।

## পদ্মা সেতু দিয়ে দক্ষিনাঞ্চলের বিভিন্ন জেলায় বিআরটিসি কর্তৃক পরিচালিত রুটের তথ্য


| ক্রম | ডিপোর নাম | রুটের বিবরণ | বাস সংখ্যা | ধরন | ২৬/০৬/২০২২ তারিখে চলমান |
|---|---|---|---|---|---|
| ১ | মতিঝিল বাস ডিপো | ঢাকা (গুলিস্তান)- খুলনা ভায়া পদ্মা ব্রীজ-গোপালগঞ্জ-ফকিরহাট | ১৬ | এসি | ১৬টি |
| | | ঢাকা (গুলিস্তান)- বেনাপোল ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-গোপালগঞ্জ-খুলনা-যশোর | ০২ | | -- |
| | | ঢাকা (গুলিস্তান)- সাতক্ষীরা ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা- গোপালগঞ্জ-খুলনা | ০২ | | -- |
| ২ | যাত্রাবাড়ি বাস ডিপো | ঢাকা (গুলিস্তান)- বরিশাল ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা- টেকেরহাট-মোস্তফাপুর-গৌড়নদী | ০১ | এসি | -- |
| | | ঢাকা (গুলিস্তান)- শরিয়তপুর ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-জাজিরা | ০১ | এসি | ০২টি |
| ৩ | গাবতলী বাস ডিপো | গুলিস্তান-যশোর ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-ভাটিয়াপাড়া-নড়াইল-যশোর | ০২ | এসি | ০২টি |
| ৪ | মিরপুর বাস ডিপো | মিরপুর ১২- বরিশাল-ভায়া ফুলবাড়িয়া-সায়দাবাদ-ভাঙ্গা-মোস্তফাপুর-গৌড়নদী | ০২ | এসি | ০১টি |
| ৫ | জোয়ারসাহারা বাস ডিপো | ঢাকা (আব্দুল্লাহপুর)-মাদারীপুর ভায়া শিবচর-টেকেরহাট-মোস্তফাপুর | ০৪ | এসি | -- |
| | | ঢাকা (আব্দুল্লাহপুর)-পয়সারহাট ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-মোস্তফাপুর-গৌড়নদী-আগৈলঝরা | ০২ | এসি | ০২টি |
| ৬ | নরসিংদী বাস ডিপো | নরসিংদী- চরমুগুরিয়া ভায়া গুলিস্তান-মাওয়া-পদ্মা ব্রীজ-শিবচর-মাদারীপুর | ০১ | এসি | ০১টি |
| | | নরসিংদী-কাশিয়ানি ভায়া গুলিস্তান-মাওয়া-মুকসুদপুর | ০১ | এসি | -- |
| ৭ | মোহাম্মদপুর বাস ডিপো | ঢাকা-শরিয়তপুর ভায়া মাওয়া-পদ্মা ব্রীজ- জাজিরা | ০১ | এসি | ০২টি |
| | | ঢাকা-কুয়াকাটা ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী | ০১ | এসি | -- |
| ৮ | টুঙ্গিপাড়া বাস ডিপো | ঢাকা-খুলনা ভায়া পদ্মাব্রীজ-ভাঙ্গা-গোপালগঞ্জ-ফকিরহাট-কাটাখালি | ০৭ | এসি | ০৭টি |
| | | ঢাকা- যশোর ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-ভাটিয়াপাড়া-কালনাঘাট- লোহগড়া-নাড়াইল | ০১ | এসি | -- |
| | | ঢাকা-পিরোজপুর ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-মুকসুদপুর-গোপালগঞ্জ- টুঙ্গিপাড়া-নাজিরপুর | ০১ | এসি | ০১টি |
| | | ঢাকা-কোটালীপাড়া ভায়া ভাঙ্গা-গোপালগঞ্জ | ০১ | এসি | ০১টি |
| ৯ | নারায়ণগঞ্জ বাস ডিপো | ঢাকা (গুলিস্তান)-গোসাইরহাট ভায়া শরিয়তপুর-ড্যামুড়া বাইপাস | ০১ | এসি | ০২টি |
| | | ঢাকা(গুলিস্তান)-মোল্লারহাট ভায়া শরিয়তপুর-প্রেমতলি | ০১ | এসি | ০১টি |
| | | ঢাকা(গুলিস্তান)-নড়িয়া ভায়া ভাঙ্গা-শরিয়তপুর-কার্তিকপুর | ০১ | এসি | ০১টি |
| | | ঢাকা (আব্দুল্লাহপুর)-পয়সারহাট ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-মোস্তফাপুর-গৌড়নদী-আগৈলঝরা | ০১ | এসি | ০১টি |
| ১০ | বরিশাল বাস ডিপো | বরিশাল-ঢাকা(গুলিস্তান) ভায়া ভাঙ্গা-পদ্মা ব্রীজ-যাত্রাবাড়ি | ০৯ | এসি | ১০টি |
| | | কুয়াকাটা-ঢাকা ভায়া পটুয়াখালী-বরিশাল- ভাঙ্গা-পদ্মা ব্রীজ-যাত্রাবাড়ি | ০২ | এসি | ০২টি |
| | | ভান্ডারিয়া-ঢাকা ভায়া ঝালকাঠি-বরিশাল-ভাঙ্গা-পদ্মা ব্রীজ | ০২ | এসি | ০১টি |
| | | বাউফল-ঢাকা ভায়া বরিশাল-পদ্মা ব্রীজ-যাত্রাবাড়ি | ০২ | এসি | -- |
| | | ঢাকা (গুলিস্তান)-বরগুনা ভায়া কাঁঠালবাড়ি | ০১ | নন এসি | -- |
| ১১ | কল্যাণপুর বাস ডিপো | ঢাকা-কুয়াকাটা ভায়া পদ্মা ব্রীজ-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী | ০২ | এসি | -- |
| | | মোট= | ৬৮ | | ৫৩টি |

## আমাদের বিআরটিসি এ্যাপস এর মাধ্যমে পরিচালিত বিআরটিসি রুটের নামসমূহ


| | |
|---|---|
| গুলিস্তান-নারায়ণগঞ্জ | কুড়িল বিশ্বেরোড-বিশনন্দী ফেরিঘাট |
| ঘাটারচর-কাঁচপুর | ঢাকা-লক্ষ্মীপুর |
| মহাখালী-কিশোরগঞ্জ | ঢাকা-নবাবগঞ্জ |

## বিআরটিসির অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণ BRTC GF এ্যাপস হতে গ্রাচ্যুইটির তথ্য জানার প্রক্রিয়া

TYPE BRTC GF >(Send to) 01781738615




ফিরতি SMS -এ তথ্য আসবে:



## যানজট নিরসনে বিআরটিসি ও সিটি কর্পোরেশনের মধ্যে সমঝোতা স্মারক (MoU)

মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন এর মধ্যে অনুষ্ঠিত হয়েছে ঢাকাবাসীর নাগরিক সুবিধা বৃদ্ধিতে WIN-WIN পদ্ধতিতে ১২/০৪/২০২২ তারিখে বিআরটিসি ও সিটি কর্পোরেশনের মধ্যে সমঝোতা স্মারক (MoU)। এ স্মারকে বিআরটিসি মোঃপুরের যানজট নিরসনে কিছু জায়গা ছেড়ে দেয়ার পরিবর্তে বিআরটিসির ডিপোর অফিস ও গাড়ী পার্কিংসহ দ্বিতল পাকা অবকাঠামোগত উন্নয়ন করা হবে। বক্তব্যে ঢাকা উত্তরের মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম বিআরটিসির চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামকে একজন ডায়নামিক, দক্ষ, সৎ, প্রোএকটিভ কর্মকর্তা হিসেবে লোকসানী প্রতিষ্ঠান বিআরটিসিকে নিয়মিত লাভজনক প্রতিষ্ঠান হিসেবে রূপান্তরিত করতে নেতৃত্ব প্রদানকারী হিসেবে ব্যাপক প্রশংসা করেন। তিনি আরো বলেন, বিআরটিসির চেয়ারম্যানের আপনার সততা, দক্ষতা, প্রোএকটিভনেস ও বিচক্ষণতায় মুগ্ধ ও অভিভূত। ইতোপূর্বে "ঢাকা নগর পরিবহন" এর সভায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপসও বিআরটিসির সম্মানিত চেয়ারম্যানের একই রকম প্রশংসা করেছেন।



## বিআরটিসি চালক ও কারিগরদের ডোপ টেস্ট কার্যক্রম গ্রহণ

সরকারী নির্দেশনা বাস্তবায়ন করার লক্ষ্যে ও সড়ক দূর্ঘটনা রোধকল্পে সকল চালক ও কারীগরদের ডোপ টেষ্ট করার জন্য নির্দেশনা প্রদানপূর্বক গত ২৩/৩/২০২২ ইং তারিখে পত্র জারী করা হয়েছে। সে মোতাবেক সকল ডিপো/ইউনিটসমূহ চালক ও কারীগরদের ডোপ টেষ্ট করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেছেন।







## পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে বিআরটিসির গৃহীত কার্যক্রম

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে বিগত বৎসরের ন্যায় ঘরমুখো মানুষের সহজ ও আরামদায়ক যাতায়াতের সুবিধার্থে বিআরটিসি নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করেন।

- বিভিন্ন ডিপো হতে ২২ এপ্রিল ২০২২ তারিখ হতে অগ্রীম টিকিট বিক্রী করা হয়।
- ঈদ সার্ভিস প্রদানের জন্য বিভিন্ন পয়েন্টে ৬০টি বাস স্ট্যান্ডবাই রাখা হয়েছে।
- ঈদ সার্ভিসে অনিয়ম, অতিরিক্ত যাত্রী ও ভাড়া, টিকিট কালোবাজারী ইত্যাদি সার্বিক বিষয় তদারকি করার জন্য অপারেশনাল টিম গঠন করা হয়।
- কর্মজীবি ও গার্মেন্টস কর্মীদের জন্য স্বল্প ভাড়ায় রিজার্ভ বাস প্রদান করা।
- বিআরটিএ'র নিয়ন্ত্রণ কক্ষে বিআরটিসির কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা।
- তাৎক্ষনিক বাস মেরামত কাজ সম্পদানের জন্য কারিগরী টিম গঠন।
- বিআরটিসির প্রধান কার্যালয়ে নিয়ন্ত্রণ কক্ষ পরিচালনার জন্য কর্মচারীদের দায়িত্ব প্রদান করা।
- ঢাকা হতে ঢাকার বাহিরে ৮১৭টি বাস ও ঢাকার বাহিরে আন্তঃজেলা রুটে ৪০৮টি বাস যাত্রী সাধারণের সুবিধার্থে নিয়োজিত করা হয়।
- রুট ভিত্তিক ভাড়ার চার্ট ও ঈদ স্পেশাল সার্ভিস সম্বলিত ব্যানার দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়।
- দূর্ঘটনা হ্রাস কল্পে চালকদের মোটিভেশনাল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## জুন ২০২২ পর্যন্ত পরিশোধ যোগ্য অর্থের বিবরণী

| ক্রনং | দায়-দেনার বিবরণ | সংশ্লিষ্ট জনবল | পরিমাণ (কোটি টাকা) |
|---|---|---|---|
| ১ | ২০০৪ হতে অদ্যাবধি বকেয়া গ্র্যাচুইটির পরিমাণ | ২৭১ | ২১.৯২ |
| ২ | ২০১৭ হতে অদ্যাবধি ছুটি নগদায়ন পরিমাণ | ৩০ | ০.৯১ |
| ৩ | ২০১৭ হতে অদ্যাবধি বকেয়া সিপি ফান্ড পরিমাণ | ১৪৯ | ৭.৬৮ |
| ৪ | ২০১৫ হতে অদ্যাবধি বকেয়া বেতন-ভাতার পরিমাণ | ১৫১৭ | ১৪.১২ |
| ৫ | চলমান কোভিড-১৯ মহামারীর কারনে এপ্রিল ২০২১ মাসের সম্ভাব্য বেতন, বৈশাখী ভাতা, উৎসব ভাতা বাবদ | ৩৩৩৩ | ১৬.৭৫ |
| ৬ | ভূমি উন্নয়ণ কর | ০৭ ডিপোর | ০.৭৬ |
| | সর্বমোট (পঞ্চান্ন কোটি সাতানব্বই লক্ষ টাকা) = | ৫৫৪৩ | ৬২.১৪ |

## অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর নিয়োগ প্রদান

গত ০৮/০৪/২০২২ তারিখে অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণ এবং ঐ দিনই রাতে ওয়েব সাইটে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। গত ০৯/০৪/২০২২ তারিখে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ এবং ফলাফল প্রকাশ করা হয়। ১০/০৪/২০২২ তারিখে নিয়োগ পরীক্ষার চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হয়। গত ২০/০৪/২০২২ তারিখে যোগদান সংক্রান্ত নিয়োগ আদেশ জারী করা হয়। গত ০৮/০৫/২০২২ তারিখে কর্পোরেশনে যোগদান করেন। ০৮/০৫/২০২২ তারিখ হতে ১৬/০৫/২০২২ তারিখ পর্যন্ত যোগদানকৃত অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটরদের বিভিন্ন বিষয়ে ওরিয়েন্টেশন কোর্স করানো হয়। ওরিয়েন্টেশন কোর্স শেষে ১৭/০৫/২০২২ তারিখে নবনিয়োগকৃত অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটরদের প্রধান কার্যালয়সহ বিভিন্ন ডিপো/ইউনিটে পদায়ন করা হয়।



## প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটে ইফতার পার্টি ও দোয়া মাহফিলের আয়োজন

গত ১২/০৪/২২খ্রিঃ তারিখ বিআরটিসির প্রধান কার্যালয়ে মাসিক সমন্বয় সভা অনুস্ঠিত হয়। সমন্বয় সভা শেষে উপস্থিত প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারিসহ সকল ডিপো/ইউনিটের ম্যানেজার/ইউনিট প্রধানদের নিয়ে ইফতার পার্টির আয়োজন করা হয়। উক্ত ইফতার পার্টিতে সম্মানিত চেয়ারম্যান মহোদয়সহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও রমজান মাস ব্যাপি সকল ডিপো/ইউনিটে কর্মকর্তা-কর্মচারিদের নিয়ে ইফতার পার্টির আয়োজন করা হয়।

## বিআরটিসির সকল ডিপো/ইউনিটের ওয়েব সাইট চালুকরণ

এটুআই ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বিআরটিসির সকল ডিপো/ইউনিটের ওয়েব সাইট প্রস্তুত করা হয়। প্রস্তুতকৃত ওয়েব সাইট যথ াযথভাবে পরিচালনা করার জন্য গত ২০/০৪/২০২২ তারিখে বিআরটিসির সকল ডিপো/ইউনিটের ওয়েব সাইট চালু করার লক্ষ্যে প্রধান কার্যালয় হতে সকল ডিপো/ইউনিটসমূহের প্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

## সকল ডিপোতে র‌্যাম্প নির্মাণ কার্যক্রম

সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের জরুরী নির্দেশনা ডিপোসমূহে র‌্যাম্প স্থাপন করতে হবে এবং যে সকল ডিপোতে র‌্যাম্প অকার্যকর রয়েছে ঐ সমস্ত র‌্যাম্প মেরামতপূর্বক কাজের উপযোগী করে তুলতে হবে। উক্ত নির্দেশনার আলোকে এবং বিআরটিসির উন্নয়নের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে বিআরটিসির ডিপোগুলিতে নিজস্ব অর্থায়নে র‌্যাম্প নির্মাণ ও মেরামত করা হয়।






## বিআরটিসির সকল ডিপোর গাড়ী (রুটে পরিটচালিত বাস ও স্টাফ বাস) এর মেরামত কার্যক্রম

বিআরটিসির সকল ডিপোর নিয়ন্ত্রণে পরিচালিত গাড়ীগুলো জরুরী ভিত্তিতে দৃষ্টিনন্দন ও ত্রুটি মুক্ত করে অনরুট করার জন্য সম্মানিত চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। সে প্রেক্ষিতে সকল ডিপোর দৃষ্টিকটু ও ত্রুটিযুক্ত গাড়ী মেরামত করে স্থির ও ভিডিও চিত্র কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হয়। এছাড়াও বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ বোর্ড এ স্টাফ বাস হিসেবে পরিচালিত কল্যাণপুর ও গাবতলী বাস ডিপোর নিয়ন্ত্রণে পরিচালিত গাড়ীগুলি অত্র কর্পোরেশনের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে গাড়ীগুলো মেরামতপূর্বক নতুন রূপে সাজানো হয়েছে।









# আলোকচিত্রে বিআরটিসি



ব্র্যাক-এর মহিলা ড্রাইভিং প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় জনাব ওবায়দুল কাদের, এমপি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।



২৫/০৫/২০২২ ইং তারিখে দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব ফজলে নূর তাপস মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করেন বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। এ সময়ে নগর পরিবহন বিষয়সহ বিআরটিসি'র বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।



গত ১৬/০৬/২০২২ইং তারিখে বিআরটিসির চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে জনাব শাহজাহান খান, সংসদ সদস্য, মাদারীপুর-২ ও জনাব মোঃ তাজুল ইস-লাম, চেয়ারম্যান, বিআরটিসি সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় সভা করেন।



গত ০৬/০৬/২০২২ ইং তারিখে বিআরটিসির চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে জনাব নাহিম রাজ্জাক, সংসদ সদস্য, শরিয়তপুর-৩ ও জনাব মোঃ তাজুল ইস-লাম, চেয়ারম্যান, বিআরটিসি সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় সভা করেন।



গত ০৬/০৬/২০২২ ইং তারিখে বিআরটিসির চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে জনাব এ কে এম শাহজাহান কামাল, সংসদ সদস্য, লক্ষ্মীপুর-৩ ও জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, বিআরটিসি সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় সভা করেন।



সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সদ্য যোগদানকৃত সম্মানিত সচিব জনাব এবিএম আমিনুল্লাহ নুরী মহোদয়কে বিআরটিসি'র পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

# আলোকচিত্রে বিআরটিসি



শুদ্ধাচার নীতিমালা ২০২১ এর ০২, ০৩, ও ০৪ অনুযায়ী সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন বিআরটিসি'র সংস্থা প্রধান বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মো: তাজুল ইসলাম মহোদয়কে ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার হিসেবে ক্রেস্ট, সনদ ও চেক প্রদান করেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম।



ভৌত অবকাঠামো বিভাগের সম্মানিত সদস্য (সচিব) জনাব মোঃ মামুন আল রশীদ মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করেন বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মো: তাজুল ইসলাম।




২৮ মে ২০২২ তারিখ শনিবার সকাল ১২:০০ ঘটিকায় বিআরটিসি প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম মহোদয়ের অবসর-উত্তর ছুটি উপলক্ষ্যে বিআরটিসি কর্তৃক সম্বর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান।




গত ২৮/০৬/২০২২ তারিখ বেলা ২.৩০ ঘটিকায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সাথে বিআরটিসির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ সম্পাদিত হয়।




বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অত্র দপ্তরের সম্মেলন কক্ষে সকাল ১১:৩০ ঘটিকায় বিআরটিসি'র গুরুত্বপূর্ণ কার্যক্রম পরিচালনার বিষয়ে পরিচালান পর্ষদের ২৯২তম (আইন ২০২০ অনুযায়ী ৪র্থ) সভা অনুষ্ঠিত হয়।



গত ১৪/০৬/২০২২ তারিখ অত্র দপ্তরের সম্মেলন কক্ষে বিআরটিসি'র সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম বিআরটিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করেন।

# আলোকচিত্রে বিআরটিসি




২৬ জুন ২০২২ তারিখ রবিবার সকাল- ০৯:৩০ ঘটিকায় বিআরটিসি বাস টার্মিনাল (সিবিএস-২) ফুলবাড়ীয়া, ঢাকায় আধুনিক টিকিট কাউন্টার এর শুভ উদ্বোধন করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। অনুষ্ঠানে বিআরটিসির উর্ধ্বতন কর্মকর্তাগণ, ডিপো/ইউনিটের ইউনিট প্রধান ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।



গত ২৮/০৬/২০২২ তারিখ সকাল- ১১.০০ ঘটিকায় বিআরটিসির সম্মেলন কক্ষে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর প্রধান কার্যালয়ের সাথে মাঠ পর্যায়ের বিআরটিসির ডিপো/ইউনিটসমূহের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ সম্পাদিত হয়।



গত ২৮/০৬/২০২২ তারিখ সকাল- ১০.০০ ঘটিকায় বিআরটিসির সম্মেলন কক্ষে আসন্ন ঈদুল আযহা ২০২২ উপলক্ষ্যে ঘরমুখো মানুষের নির্বিঘ্নে যতায়াতের লক্ষ্যে করণীয় বিষয়ে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়।




০৩ জুলাই ২০২২ তারিখ রবিবার সকাল- ১০.০০ ঘটিকায় সিপিএফ, গ্র্যাচুইটি ছুটিনগদায়ন বাবদ বিআরটিসির অবসরপ্রাপ্ত ৪৩৪জন কর্মকর্তা-কর্মচারীদের মাঝে ৫কোটি টাকা বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করেন।



বিআরটিসি প্রশিক্ষণ ইনস্টিটিউট, তেজগাঁও এর প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন এবং প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণার্থীদের দিকনির্দেশনা প্রদান করেন কর্ণেল মোঃ জাহিদ হোসেন, পরিচালক (কারিগরী), বিআরটিসি।



বিআরটিসি মিরপুর প্রশিক্ষণ কেন্দ্রে মোটর ড্রাইভিং প্রশিক্ষণের জন্য জয়িতা ফাউন্ডেশনের ১৫ এবং ১৬তম ব্যাচের শুভ উদ্বোধন করেন জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আফরোজা খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেজর মোঃ মোক্তারুজ্জামান, জিএম (আইসিডব্লিউএস)।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

## বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য

বাসের তথ্যঃ

| মাসের নাম | মোট বাসের সংখ্যা | সচল গাড়ীর সংখ্যা | | অযোগ্য ঘোষণার জন্য বিইআর (প্রস্তাবিত) গাড়ীর সংখ্যা | ভারী মেরামতাধীন (দীর্ঘ মেয়াদী লীজসহ) গাড়ীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | নিজস্ব | দীঘ মেয়াদী লীজ | | |
| এপ্রিল/২০২২ | ১৬০০ | ১১৮৭ | ৩৭ | ১০৫ | ২৭১ |
| মে/২০২২ | | ১১৭০ | ৩৭ | ১০৫ | ২৮৮ |
| জুন/২০২২ | | ১১৬২ | ৩৭ | ১০৫ | ২৯৬ |

ট্রাকের তথ্যঃ

| মাসের নাম | মোট ট্রাকের সংখ্যা | সচল ট্রাকের সংখ্যা | বিইআর (প্রস্তাবিত) ট্রাকের সংখ্যা | ভারী মেরামতাধীন ট্রাকের সংখ্যা |
|---|---|---|---|---|
| এপ্রিল/২০২২ | ৫৮৮ | ৫০২ | ৭৫ | ৩৩ |
| মে/২০২২ | | ৫০১ | ৭৫ | ১২ |
| জুন/২০২২ | | ৫০৪ | ৫১ | ১১ |

## আয়-ব্যয় সংক্রান্ত তথ্য

বাসের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ

| বিবরণ | এপ্রিল/২২ | মে/২২ | জুন/২২ |
|---|---|---|---|
| আয় (লক্ষ টাকা) | ২৮৬১.৪৫ | ২৭৭৯.০৫ | ২৭৮৩.৩৮ |
| ব্যয় (লক্ষ টাকা) | ২৬৫০.৯৯ | ২৫৮৪.৮২ | ২৫৮১.৮৩ |
| অপারেটিং লাভ/ক্ষতি (লক্ষ টাকা) | ২১০.৪৬ | ১৯৪.২৩ | ২০১.৫৫ |

ট্রাকের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ

| বিবরণ | এপ্রিল/২২ | মে/২২ | জুন/২২ |
|---|---|---|---|
| আয় (লক্ষ টাকা) | ১২০৫.০৮ | ১১৮১.৫৩ | ১৩৩৬.০৭ |
| ব্যয় (লক্ষ টাকা) | ১০৩৩.৭৬ | ১০৪৭.৪৬ | ১১৫৭.৯৭ |
| অপারেটিং লাভ/ক্ষতি (লক্ষ টাকা) | ১৭১.৩২ | ১৩৪.০৭ | ১৭৮.১০ |

## বিআরটিসির স্থাপনার জানুয়ারি/২২ হতে মার্চ/২২ পর্যন্ত মাসওয়ারী ভাড়া আদায়ের তথ্য

| মাসিক ভাড়া (লক্ষ টাকা) | ভাড়া আদায় (লক্ষ টাকা) | | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | এপ্রিল/২০২২ | মে/২২ | জুন/২০২২ | |
| ৭৫.৩৬ | ৬৫.৭৯ | ৭৪.৬৯ | ৮০.৩৪ | |

## সিপিএফ ও গ্র্যাচুইটি অর্থ প্রদান সংক্রান্ত তথ্য

গ্র্যাচুইটি ও সিপি ফান্ডের চূড়ান্ত পাওনা পরিশোধিত অর্থের বিবরণঃ

| বিবরণ | এপ্রিল/২০২২ | মে/২০২২ | জুন/২০২২ | মন্তব্য |
|---|---|---|---|---|
| গ্র্যাচুইটির প্রদানকৃত টাকা | ৪,৭৪,৮১০/- | ২,০০,০০০/- | - | ০৩ জুলাই, ২০২২ তারিখে চূড়ান্ত পাওনা বাবদ ৫.৫১ কোটি টাকা পরিশোধ করা হয়। |
| সিপিএফ'র প্রদানকৃত টাকা | ১০,৫৭,৯৯৩/- | ১২,০০,০০০/- | - | |

## সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী বিআরটিএর মামলার তথ্যাদি

| মাসের নাম | অভিযানকৃত বাস সংখ্যা | জরিমানাকৃত বাস সংখ্যা | জরিমানার পরিমাণ |
|---|---|---|---|
| এপ্রিল ২০২২ | ০৮ | ০১ | ১০,০০০/- |
| মে ২০২২ | ০৫ | ০২ | ২,০০০/- |
| জুন ২০২২ | ০৫ | ০ | ০ |